আনন্দবাজার পত্রিকা কলকাতা শুক্রবার ১৩ ডিসেম্বর ২০২৪

# নতুন পাঠক্রম

▸▸ আগামী শিক্ষাবর্ষে সেন্ট জ়েভিয়ার্স বিশ্ববিদ্যালয়ে শুরু হবে স্নাতক স্তরে স্ট্যাটিসটিক্স উইথ ডেটা সায়েন্স পাঠক্রম। তারই সঙ্গে চালু করা হবে এলএলএম এবং বি টেক। বৃহস্পতিবার এমনই জানিয়েছেন উপাচার্য জন ফেলিক্স রাজ। তিনি আরও জানান, ২০২৬-'২৭ শিক্ষাবর্ষে তাঁদের পরিকল্পনা রয়েছে কৃত্রিম মেধা এবং মেশিন লার্নিং স্পেশালাইজ়েশনে বি টেক চালু করার। এর পরে খড়্গপুর আইআইটি-র সঙ্গে যৌথ উদ্যোগে স্নাতক এবং স্নাতকোত্তরে ডিজাইন কোর্স চালুর পরিকল্পনাও আছে।